

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং : ৩৭.০৩.০০০০.০৫০.২৫.০১৪.১৬ - ৩২৩

তারিখ : ০৮/০৬/২০১৬ খ্রিঃ

বিষয় : জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ এর আলোকে NTVQF বাস্তবায়ন প্রসঙ্গে

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং : ৩৭.০০.০০০০.০৭৬.১২.০০৩.১২ (অংশ-২)-১৪৪, তারিখ : ২২/০৫/২০১৬

উর্পযুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ এর আলোকে জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো (National Technical and Vocational Qualifications Framework-NTVQF) এবং পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি (Recognition of Prior Learning-RPL) চালুকরণ সরকারের একটি প্রাধিকার ম্যান্ডেট। জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ অনুমোদনের পর ০৫(পাঁচ) বছর অতিক্রান্ত হলেও এ বিষয়ে দৃশ্যমান কোন অগ্রগতি পরিলক্ষিত হয়নি।

২.০ এ পর্যায়ে গত ২৬-২৭ এপ্রিল, ২০১৬ তারিখে কারিগরি শিক্ষা অধিদপ্তরে পলিটেকনিক ইনস্টিটিউট ও টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজসমূহের অধ্যক্ষগণের সমন্বয়ে অনুষ্ঠিত দু'দিনব্যাপী কর্ম অধিবেশনে NTVQF বাস্তবায়নের লক্ষ্যে কয়েকটি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বর্ণিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য নিম্নোল্লিখিত কার্যক্রমগুলো সম্পাদন করা জরুরী :

- ২.১ কারিগরি শিক্ষা অধিদপ্তরাদীন সকল পলিটেকনিক ইনস্টিটিউট ও টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজসমূহকে RTO হিসেবে স্বীকৃতি নেয়ার পাশাপাশি স্ব স্ব প্রতিষ্ঠানে RPL Center চালু করতে হবে;
- ২.২ কারিগরি শিক্ষা ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২০১৬ সালে সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট হতে ৩০০ জন এবং টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ হতে ৩০০ জন শিক্ষককে প্রতিষ্ঠান সংলগ্ন এলাকার শিল্প প্রতিষ্ঠানে ১৫ (পনের) দিনের সংযুক্তি প্রদানের মাধ্যমে Teaching Learning Concept এর আওতায় প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে প্রতি পলিটেকনিক ইনস্টিটিউট হতে কমপক্ষে ৬ (ছয়) জন এবং প্রতি টেকনিক্যাল স্কুল ও কলেজ হতে কমপক্ষে ৫ (পাঁচ) জন শিক্ষক শিল্প প্রতিষ্ঠানে সংযুক্ত থেকে বাস্তব অভিজ্ঞতা অর্জন করবেন।
- ২.৩ ২০১৬ সালে প্রতি প্রতিষ্ঠানে নূন্যতম ৫(পাঁচ) জন করে Assessor তৈরি এবং প্রতিষ্ঠানভিত্তিক ৫০০জনকে RPL এর সনদায়ন নিশ্চিত করতে হবে।

৩। এমতাবস্থায়, কারিগরি শিক্ষার সম্প্রসারণ ও উন্নয়নে উল্লিখিত কার্যক্রমগুলো জরুরীভিত্তিতে বাস্তবায়ন নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ড. শেখ আবু রেজা)
পরিচালক (পরিঃ ও উন্নঃ)
ফোন : ৯১১০৮০৪

প্রয়োজনীয় কার্যার্থে :

১. অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট,
২. অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ,

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১. সূচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (কারিগরি), শিক্ষা মন্ত্রণালয়]
২. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা
৩. পরিচালক, প্রশাসন/ভোকেশনাল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা
- ✓ ৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)